



UNIVERSITY OF NORTH BENGAL
B.A./B.Com. 1st Semester Examination, 2019

LCC1-BENGALI (MIL)

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) অনুমোদন পত্র বলতে কি বোঝায়? এই ধরনের পত্র রচনার উদ্দেশ্য ব্যক্ত করো।
- (খ) সাধারণ পত্রের সঙ্গে মন্তব্য পত্রের পার্থক্য কী কী?
- (গ) চাকরির আবেদন পত্রে সাধারণতঃ কোন্ ধরনের ক্রোড়পত্র সংযোজনের প্রয়োজন হয়, উদাহরণসহ লেখো।
- (ঘ) একটি সফল বিজ্ঞাপনের কী কী বৈশিষ্ট্য থাকে উল্লেখ করো।
- (ঙ) সংবাদপত্রের 'পাত্র-পাত্রী' কলামে একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো। এটি কোন্ ধরনের বিজ্ঞাপন?
- (চ) বর্তমান সমাজ ব্যবস্থার প্রেক্ষিতে বিজ্ঞাপনের তিনটি কুফল উল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার উল্লেখ করে বিদ্যালয়ে শিক্ষক পদের জন্য একটি আবেদন পত্র রচনা করো।
- (খ) বিবাহের নিমন্ত্রণ পত্রের একটি খসড়া রচনা করো। এক্ষেত্রে হিন্দুরীতি ও মুসলিম রীতির কী তফাৎ দেখতে পাওয়া যায়?
- (গ) অভিযোগ পত্র কাকে বলে? এই শ্রেণির পত্রের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (ঘ) জনস্বার্থ-সম্পর্কিত বিজ্ঞাপন ও শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।
- (ঙ) ভর্তির ফি মকুবের জন্য তোমার মহাবিদ্যালয়ের অধ্যক্ষের নিকট একটি আবেদন পত্র রচনা করো। এই পত্রে কী ক্রোড়পত্র সংযোজনের প্রয়োজন আছে?
- (চ) ব্যবসায়িক বিজ্ঞাপন কাকে বলে? যে-কোনো একটি ব্যবসায়িক দ্রব্যের বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২ × ২ = ২৪

- (ক) জলের অপচয় বন্ধ করা এবং বৃষ্টির জল সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার মতামত জানিয়ে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি পত্র রচনা করো।
- (খ) তোমার নিজস্ব একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুলতে চাও – এই বিষয়ে অনুমোদন চেয়ে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে একটি পত্র রচনা করো।
- (গ) প্লাস্টিকের বহুল ব্যবহার সম্পর্কে নিষেধাজ্ঞা জারি করে স্থানীয় কর্তৃপক্ষের পক্ষ থেকে একটি জনস্বার্থ সম্পর্কিত বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।
- (ঘ) একটি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ করা হয়েছে – এই মর্মে একটি বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

—x—